গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিবন্ধী বিষয়ক শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

**আগামী ০৩ ডিসেম্বর ২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০১৭ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার (৩য় সভা) কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ জিল্লার রহমান
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়ঃ ১৬/১১/২০১৭ খ্রি. # বিকাল ৪.০০ টা
**সভার স্থান :** সমাজকল্যান মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪০৩, ৪য় তলা, ভবন নং-৬) বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশ করা হলোঃ

০২। আগামী ০৩ ডিসেম্বর, ২০১৭ **'২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস'** ও **'১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস/২০১৭'** যথাযোগ্য মর্যাদায় উদযাপনের ০২/১১/২০১৭ খ্রিঃ তারিখে ২য় প্রস্তুতিমূলক সভা সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনাপূর্বক নিম্ন-রূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | জাতীয় প্রতিবন্ধী ফোরামের পক্ষে শুভেচ্ছা বক্তব্য প্রদানের জন্য প্রতিনিধির নাম প্রেরণ | জাতীয় প্রতিবন্ধী ফোরামের সভাপতি ইন্তেকাল করায় ফোরামের গঠনতন্ত্র অনুসরণ করে উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদানের জন্য একজন প্রতিনিধির নাম প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় প্রতিবন্ধী ফোরামের সভাপতি ইন্তেকাল করায় ফোরামের গঠনতন্ত্র অনুসরণ করে উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদানের জন্য একজন প্রতিনিধির নাম আগামী ২৫ নভেম্বর,২০১৭ খ্রি তারিখের মধ্যে প্রেরন করতে হবে। | ভারপ্রাপ্ত সভাপতি/ মহাসচিব জাতীয় প্রতিবন্ধী ফোরাম |
| ২। | ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রতিবন্ধী উত্তোরণ মেলা উদ্বোধন | সভায় আলোচনা হয় যে, মাননীয় প্রধান অতিথি কর্তৃক বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা ক্যাম্পাসে প্রতিবন্ধী উত্তোরণ মেলা উদ্বোধনে জন্য সকল কারিগরী কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রতিবন্ধী উত্তোরণ মেলা উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | ব্যবস্থাপন পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন |
| ৩। | স্মার্ট হুইল চেয়ার (সোলার) ও বাক প্রতিবন্ধী ব্যক্তিদের কে সহজ যোগাযোগের স্মার্ট | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং এটুআই কর্তৃপক্ষ স্মার্ট হুইল চেয়ার (সোলার) ও বাক প্রতিবন্ধী ব্যক্তিদের কে সহজ যোগাযোগের স্মার্ট ডিভাইস বিতরণে সংশ্লিষ্ট ব্যক্তিগনের তালিকা চূড়ান্ত করবেন মর্মে সভায় আলোচনা হয়। | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং এটুআই কর্তৃপক্ষ-কে স্মার্ট হুইল চেয়ার | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং এটুআই কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| | ডিভাইস বিতরণ | | (সোলার) ও বাক প্রতিবন্ধী ব্যক্তিদের কে সহজ যোগাযোগের স্মার্ট ডিভাইস বিতরণে সংশ্লিষ্ট ব্যক্তিগনের তালিকা চূড়ান্ত করতে হবে। | |
| ৪। | অনুষ্ঠান সরাসরি সম্প্রচার এবং ইলেকট্রনিক মিডিয়ায় টক-শো আয়োজন | সভায় আলোচনা হয় যে, বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার ছাড়াও ডিবিসি, সময় এবং ৭১ টিভি চ্যানেলে উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার এবং দিবসের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে টক-শো/লাইভ শো প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়ের সচিব বরাবরে আরও পত্র প্রেরণ করা হয়েছে। জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় বিষয়টি মনিটরিং করবেন মর্মে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ টেলিভিশনসহ সংশ্লিষ্ট অন্যান্য টিভি চ্যানেলের প্রধান নির্বাহী কর্মকর্তাগনের সাথে টেলিফোনিক যোগাযোগ করে অনুষ্ঠান সমপ্রচার নিশ্চিত করতে হবে। জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় বিষয়টি মনিটরিং করবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন), জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৫। | সংবাদ সম্মেলনের আয়োজন | মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সুবিধাজনক সময়ে আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং জাতীয় প্রতিবন্ধী দিবসের গুরত্ব তুলে ধরার লক্ষ্যে সংবাদ সম্মেলন আয়োজনের জন্য জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা করবেন মর্মে সভায় আলোচনা হয়। | মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সুবিধাজনক সময়ে আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং জাতীয় প্রতিবন্ধী দিবসের গুরত্ব তুলে ধরার জন্য সংবাদ সম্মেলন আয়োজন করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৬। | জেলা প্রশাসকগণ এবং উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়-কে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ | (১) সভায় আলোচনা হয় যে, দিবসটি যথাযথভাবে উদযাপনের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব কর্তৃক জেলা প্রশাসকগণকে (ঢাকা ব্যতিত) উপানুষ্ঠানিক পত্র স্বাক্ষরের জন্য প্রস্তুত করা হয়েছে।<br>(২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়-কে ইতিমধ্যে অনুরূপ পত্র প্রেরণ করেছেন মর্মে সভায় অবহিত করেন।। | (১)জেলা প্রশাসক (ঢাকা ব্যতিত) উপানুষ্ঠানিক পত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং |
| ৭। | আইন শৃঙ্খলা রক্ষায় ব্যবস্থা গ্রহণ | অনুষ্ঠানস্থলে এবং আশপাশ এলাকায় ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ এবং আইন শৃঙ্খলা রক্ষা নিশ্চিতকরণে স্বরাস্ট্র মন্ত্রণালয় ও পুলিশ কমিশনার ঢাকা-কে জরুরীভিত্তিতে পত্র প্রেরণ | (১) ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ এবং আইন শৃঙ্খলা রক্ষা নিশ্চিতকরণে স্বরাস্ট্র | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | মন্ত্রণালয় ও পুলিশ কমিশনার ঢাকা-কে দ্রুত পত্র প্রেরণ করতে হবে। | |
| ৭। | মেডিকেল টিম গঠন এবং হাসপাতালে প্রয়োজনীয় বেড সংরক্ষণ | সভায় আলোচনা হয় যে, অনুষ্ঠানস্থলের জন্য একটি মেডিকেল টিম গঠনপূর্বক নিয়োজিত রাখা এবং বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের নিকটবর্তী ২টি হাসপাতালে প্রয়োজনীয় বেড সংরক্ষণসহ সার্বিক প্রস্তুতি গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | মেডিকেল টিম গঠন এবং সম্মেলন কেন্দ্রের নিকটবর্তী হাসপাতালে প্রয়োজনীয় বেড সংরক্ষণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং |
| ৮। | বানীসহ ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার | সভায় আলোচনা হয় যে, উপ-কমিটি কর্তৃক সদস্যগণকে ক্রোড়পত্রের জন্য বানী সংগ্রহ, চূড়ান্তকরণ, কম্পোজ, ডিজাইন, মূদ্রণ, বিতরণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত অগ্রগতি সাধিত হয়েছে। | ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার নিশ্চিত করতে হবে। | ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার (বানী সংগ্রহসহ) উপ-কমিটি |
| ৯। | ব্রোশিউর প্রণয়ন ও প্রকাশ | সভায় আলোচনা হয় যে, ব্রোশিউর প্রণয়ন প্রকাশ বিষয়ে প্রয়োজনীয় অগ্রগতি সাধিত হয়েছে। | যথাসময়ে ব্রোশিউর প্রণয়ন ও প্রকাশ নিশ্চিত করতে হবে। | ব্রোশিউর প্রণয়ন ও প্রকাশ উপ-কমিটি |
| ১০। | মেলা আয়োজন | সভায় আলোচনা হয়যে, পূর্ববর্তী বছরের ন্যায় এবারও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, চত্বরে বর্নাঢ্য মেলা আয়োজনের সার্বিক প্রস্তুতি গ্রহণের প্রস্তুতি চলমান। | সফলভাবে মেলা আয়োজনের প্রস্তুতি দ্রুত সম্পন্ন করতে হবে। | মেলাআয়োজন উপ-কমিটি |
| ১১। | BICC মিলনায়তনে নির্ধারিত হলে মঞ্চসজ্জা নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট উপ-কমিটিক BICC মিলনায়তনে নির্ধারিত হলে মঞ্চসজ্জা নিশ্চিতকরণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। | BICC মিলনায়তনের নির্ধারিত হলেটিতে মঞ্চসজ্জা নিশ্চিতকরণ করতে হবে। | মঞ্চসজ্জা উপ-কমিটি |
| ১২। | বাজেট প্রণনয়ন | সভায় আলোচনা হয় যে, গত বছরের অনুষ্ঠান আয়োজনের ব্যয়কে ভিত্তি ধরে একটি খসড়া বাজেট প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট উপ-কমিটি থেকে সম্ভাব্য ব্যয় এবং পূর্ববর্তি বছরের বাজেট অনুসরণে পূর্ণাংগ বাজেট প্রস্তুত করা হচ্ছে। | সকল উপ-কমিটি থেকে সম্ভাব্য ব্যয়ের হিসাব এবং পূর্ববর্তি বছরের বাজেট অনুসরণে পূর্ণাংগ বাজেট প্রস্তুত করতে হবে। | বাজেট উপ-কমিটি |
| ১৩। | আমন্ত্রণপত্র প্রস্তুত, মুদ্রণ ও বিতরণ | সভায় আলোচনা হয় যে, আমন্ত্রণ পত্রের খসড়া চূড়ান্ত পর্যায়ে আছে। | চূড়ান্তকৃত আমন্ত্রণপত্র দ্রুত ছাপাতে হবে। | আমন্ত্রণপত্র প্রস্তুত, মুদ্রণ ও বিতরণ উপ-কমিটি |
| ১৪। | পূরস্কার প্রদানের জন্য মনোনয়ন চূড়ান্তকরণ | (১) সভায় আলোচনা হয় যে, পুরস্কার প্রদান সুপারিশ উপ-কমিটি প্রত্যেক ক্যাটাগরী থেকে মনোনয়ন সুপারিশসহ অদ্য ১৬ নভেম্বর, ২০১৭ খ্রি. তারিখে পূরস্কার মনোনয়ন উপ-কমিটি | সুপারিশ উপ-কমিটি থেকে প্রাপ্ত মনোনয়ন ক্যাটাগরীভিত্তিক চূড়ান্তভাবে পূরস্কারের | পূরস্কার মনোনয়ন উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বরাবরে প্রেরণ করছেন। | জন্য নির্বাচন অবিলম্বে চূড়ান্ত করতে হবে। | |
| ১৫। | পুরস্কার সামগ্রী প্রস্তুত | সভায় আলোচনা হয় যে, বিভিন্ন ক্যাটাগরীতে পূরস্কার প্রদানের জন্য প্রয়োজনীয় ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রস্তুতের কাজ করা চূড়ান্ত পর্যায়ে। | পুরস্কার সামগ্রী দ্রুত প্রস্তুত করতে হবে। | পুরস্কার সামগ্রী প্রস্তুত উপ-কমিটি |
| ১৬। | সচিবালয়সহ সড়ক দ্বীপ সজ্জিতকরণ | সভায় আলোচনা হয় যে, উপ-কমিটির পরামর্শ অনুযায়ী ঢাকা উত্তর এবং দক্ষিণ সিটি কর্পোরেশন-কে সড়কদ্বীপ সজ্জিত করার অনুমতি চেয়ে পৃথক পত্র প্রেরণ করা হয়েছে। সড়কদ্বীপ. সজ্জিতকরণের সকল উদোগ গ্রহন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। । | সচিবালয়সহ সড়কদ্বীপসমূহ এবং BICC চত্বর ও আশপাশ এলাকা অন্ততঃ দুদিন আগে থেকে সজ্জিত করতে হবে। | সচিবালয়সহ সড়ক দ্বীপ সজ্জিতকরণ উপ-কমিটি |
| ১৭। | ডকুমেন্টরী প্রণয়ন ও প্রদর্শন | সভায় একটি ডকুমেন্টারি উপস্থাপন করা হয়। এটি মানসম্মন্ন না হওয়ায় একটি মানসম্মত এবং সুসংগঠিত ডকুমেন্টারি দ্রুত প্রস্তুত করার জন্য সভায় আলোচনা হয়। | একটি তথ্যবহুল, সুসংগঠিত এবং মানসম্মত ডকুমেন্টারি দ্রুত প্রস্তুত করতে হবে। | ডকুমেন্টরী প্রণয়ন ও প্রদর্শন উপ-কমিটি |
| ১৮। | পোস্টার প্রস্তুত ও বিতরণ | সভায় আলোচনা হয় যে, প্রতিবন্ধিতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষায় গৃহীত উন্নয়ন কার্যক্রমের তথ্যসহযোগে সারা দেশে বিতরণ ও প্রচারের জন্য পোস্টার প্রস্তুতের কাজ চূড়ান্ত পর্যায়ে আছে। | মূল অনুষ্ঠানের কমপক্ষে সাত দিন পূর্বে পোস্টার প্রস্তুত ও বিতরণ সম্পন্ন করতে হবে। | পোস্টার প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি |
| ১৯। | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | সভায় আলোচনা হয় যে, প্রতিবন্ধী সংগঠনসমূহের কমিটির প্রতিনিধিগণের উপস্থিতিতে কম্পিউটেরাইজড পদ্ধতিতে সংস্কৃতিক অনুষ্ঠানের জন্য কলা-কুশলী নির্বাচন, অধিক সংখ্যক ব্যক্তির অংশ গ্রহণের সূযোগ সৃষ্টি এবং জাতীয়তা, প্রতিবন্ধিতা, মাদার অফ হিউমিনিটি এবং ইউনেস্কো কর্তৃক বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ গ্রহণের বিষয় অন্তর্ভূক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠানটি সাজনো এবং উপস্থাপনের চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অধিক সংখ্যক ব্যক্তির অংশ গ্রহণের সূযোগ সৃষ্টি এবং জাতীয়তা, প্রতিবন্ধিতা, মাদার অফ হিউমিনিটি এবং ইউনেস্কো কর্তৃক বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ গ্রহণের বিষয় অন্তর্ভূক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠানটি সাজনো এবং উপস্থাপন করতে হবে | সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি |
| ২০। | দর্শক উপস্থিতি নিশ্চিতকরণ | সভায় আলোচনা হয় যে, অনুষ্ঠানের জন্য বরাদ্দকৃত মিলনায়নটির গ্যালারীসহ আসন সংখ্যা ২৫০০ বিবেচনায় সম্মানিত ও আমন্ত্রিত অতিথি এবং দর্শকসহ বিভিন্ন প্রতিষ্ঠানের জনবল দ্বারা মিলনায়তনটি পরিপূর্ণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/ প্রতিষ্ঠান-কে মন্ত্রণালয় থেকে পত্র প্রেরণ করা হয়েছে। ০২/১১/২০১৭ খ্রি তারিখে গঠিত উপ-কমিটি অতিথি আগমন নিশ্চিতকরণে | অতিথি-দর্শক উপস্থিতি নিশ্চিত করে মিলনায়তনটি আবশ্যই পরিপূর্ণ করতে হবে। | অতিথি-দর্শক উপস্থিতি উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। | | |
| ২১। | BICC মিলনায়তানে আসন বিন্যাস ও সংরক্ষণ | সভায় আলোচনা হয় যে, সুশৃংখলভাবে অনুষ্ঠান পরিচালনার সুবিধার্থে আমন্ত্রিত অতিথিবৃন্দ ও দর্শকগণ-কে মঞ্চের সামনের আসন ও গ্যালারীতে বসার জন্য আসন বিন্যাস ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | আমন্ত্রিত অতিথিবৃন্দ ও দর্শকগণ-কে মঞ্চের সামনের আসন ও গ্যালারীতে বসার জন্য আসন বিন্যাস ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | আসনবিন্যাস ও সংরক্ষণ কমিটি |
| ২২। | জেলা পর্যায়ে অনুষ্ঠান আয়োজনে জেলা প্রশাসকগণ-কে অনুদান প্রদান | প্রতিবছরের ন্যায় এবারও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং জাতীয় প্রতিবন্ধী দিবস জেলা পর্যায়ে সফলভাবে উদযাপনের জন্য জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন হতে ৫০০০/= এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ৫০০০/= মোট (৫০০০+৫০০০)=১০০০০(দশ হাজার) টাকা সকল জেলা প্রশাসক বরাবরে (ঢাকা ব্যতিত) আগামী ২১/১১/২০১৭ খ্রি তারিখের মধ্যে অনুদান হিসাবে প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন হতে ৫০০০/= এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ৫০০০/= মোট (৫০০০+৫০০০)=১০০০০(দশ হাজার) টাকা সকল জেলা প্রশাসক বরাবরে (ঢাকা ব্যতিত) আগামী ২১/১১/২০১৭ খ্রি তারিখের মধ্যে অনুদান হিসাবে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নঃ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মোঃ জিল্লার রহমান)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

**স্মারক নম্বর-** ৪১.০০.০০০০.০৫৪.১৮.০১৮.১৫-৬০৮ তারিখঃ ১৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

**বিতরণঃ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং আহবায়ক, ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার (বাণী সংগ্রহসহ) এবং মঞ্চসজ্জা উপ-কমিটি
২। অতিরিক্ত (উন্নয়ন, আইন ও সংস্থা), সমাজকল্যান মন্ত্রণালয় আহবায়ক উদযাপন কমিটি এবং পুরস্কার মনোনয়ন উপ-কমিটি
৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, এবং আহবায়ক, পুরুস্কারপ্রদান ও সুপারিশ উপ-কমিটি
৪। জনাব মশিউর রহমান, আটুআই প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা

৫। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁ, ঢাকা
৬।অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধীতা) ও সদস্য, উদযাপন কমিটি
৭। ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা ও আহবায়ক,মেলা প্রদর্শনী উপ-কমিটি
৮। অতিরিক্ত সচিব ( বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) সমাজকল্যাণ মন্ত্রণালয় আহবায়ক, বাজেট এবংপুরস্কার সামগ্রী প্রস্তুত উপ-কমিটি
৯। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যানণ পরিষদ, ১৩২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
১০। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও আহবায়ক, সচিবালয়সহ সড়কদ্বীপ সজ্জিতকরণ উপ-কমিটি
১১। উপসচিব, প্রশাসন-১, সমাজকল্যাণ মন্ত্রণালয় ওআহবায়ক,ব্রোশিউর উপ-কমিটি
১২। পরিচালক ( কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর ও আহবায়ক,ডকুমেন্টারি প্রণয়ন ও প্রদর্শন উপ-কমিটি
১৩। পরিচালক ( পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও আহবায়ক, পোস্টার প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি
১৪। অধ্যক্ষ, প্রয়াস, সেনা সহায়ক স্কুল, ধামালকোর্ট, ঢাকা সেনানিবাস ও আহবায়ক,সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি
১৫। উপসচিব, প্রশাসন-৩, সমাজকল্যান মন্ত্রণালয় ও আহবায়ক, ব্রোশিউর উপ-কমিটি
১৬। যুগ্মসচিব (বাজেট ও ব্যবস্থাপনা), সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, বাজেট এবং ডকুমেন্টরী প্রণয়ন ও প্রদর্শন উপ-কমিটি
১৭। উপসচিব, এনডিডি ও অটিজম অধিশাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়ওসদস্য-সচিব, ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার (বাণী সংগ্রহসহ) উপ-কমিটি
১৮। পরিচালক ( পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর,ওসদস্য-সচিব, মঞ্চসজ্জা উপ-কমিটি
১৯। কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কর্মসূচি, সমাজসেবা ভবন ও সদস্য-সচিব, ব্রোশিউর উপ-কমিটি
২০। পরিচালক (প্রশাসন ও অর্থ ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও ও সদস্য-সচিব, মেলা প্রদর্শনী উপ-কমিটি
২১। ব্যবস্থাপনা পরিচালক, এনডিডি সুরক্ষা ট্রাস্ট ও সদস্য-সচিব, পুরুস্কার প্রদান ও সুপারিশ উপ-কমিটি
২২। জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যান মন্ত্রণালয়। কার্যবিবরণিটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
২৪। সহকারি সচিব (বাজেট), সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, পুরস্কারসামগ্রী প্রস্তুত উপ-কমিটি
২৫। সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সদস্য-সচিব, সচিবালয়সহ সড়কদ্বীপ সজ্জিতকরণ উপ-কমিটি
২৬। সহকারী পরিচালক অর্থ, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সদস্য-সচিব, পোস্টার প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি
২৭। মহাসচিব, জাতীয় প্রতিবন্ধী ফোরাম, আদাবর, ঢাকা ও সদস্য-সচিব, সাংস্কৃতিক উপ-কমিটি
২৮। প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১), সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, আমন্ত্রণপত্র মুদ্রণ ও বিলি উপ-কমিটি

১৭.১১.২০১৭

(মোঃ সিরাজুল ইসলাম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪৬০৪২
Email:
syrusmono@gmail.com